

বিষয়: বাংলাদেশ বিষয়াবলি

বিষয় কোড: ০০৫

নির্ধারিত সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ২০০

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

- ০১। (ক) রোহিঙ্গা কারা? ৫
(খ) সম্প্রতিকালে ব্যাপক রোহিঙ্গা অনুপ্রবেশ বাংলাদেশের জন্য যে সংকট সৃষ্টি করেছে তা আলোচনা করুন। ১০
(গ) এ সমস্যা থেকে অব্যাহতি পাবার কোন উপায় আছে কি? ৫
- ০২। (ক) ক্ষুদ্র নৃগোষ্ঠী বলতে কাদের বুঝায়? ৫
(গ) বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠীর অবদান মূল্যায়ন করুন। ৫
(গ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনধারার উন্নয়নে সরকারের গৃহীত কোনো ভূমিকা আছে কি? ১০
- ০৩। (ক) কোথায় এবং কেন মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে? ৫
(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র, তৎকালীন সোভিয়েত ইউনিয়ন, চীন ও ভারতের ভূমিকা কি ছিল তা আলোচনা করুন। ১০
(গ) আত্মসমর্পণ দলিলের তাৎপর্য কি? ৫
- ০৪। (ক) সংবিধানের সংজ্ঞা দিন। বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ রয়েছে? ৫
(গ) বাংলাদেশের জাতীয় সংসদের গঠন, ক্ষমতা ও কার্যাবলি বর্ণনা করুন। ১০
(ঘ) সংসদে নারী আসন সংরক্ষিত রাখা কতটা যৌক্তিক? ৫
- ০৫। (ক) স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের মধ্যে পার্থক্য কি? ৫
(খ) ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পর্যায়গুলো আলোচনা করুন। ১০
(গ) বীরশ্রেষ্ঠগণের নাম লিখুন। ৫
- ০৬। (ক) মানবসম্পদ বলতে কি বুঝায়? ৫
(খ) 'দক্ষ মানবসম্পদ উন্নয়নে শিক্ষার গুরুত্ব সর্বাধিক'-আলোচনা করুন। ১০
(গ) যথাযথ শিক্ষার উন্নয়নে বর্তমান সরকারের উদ্যোগ কতটুকু? ৫
- ০৭। (ক) বাংলাদেশের খনিজ সম্পদের সংক্ষিপ্ত পরিচয় দিন। ৫
(খ) আমাদের খনিজ সম্পদ আহরণ ও শিল্পে ব্যবহারের ক্ষেত্রে সমস্যা ও সম্ভাবনা কি? ১০
(গ) শক্তিসম্পদ হিসেবে কয়লার গুরুত্ব আলোচনা করুন। ৫
- ০৮। (ক) ICT বলতে কি বুঝায়? ৫
(খ) ICT ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতি বিশ্লেষণ করুন। ১০
(গ) নিকট ভবিষ্যতে এদেশে ICT ক্ষেত্রে অধিকতর সম্ভাবনা কতটুকু বলে মনে করেন? ৫
- ০৯। (ক) দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কি বুঝায়? ৫

- (খ) 'উন্নয়নশীল দেশ হওয়া সত্ত্বেও দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ যথেষ্ট সক্ষম' - আলোচনা করুন। ১০
(গ) আপনি কি মনে করেন যে, পরিবেশ দূষণ প্রাকৃতিক দুর্যোগের জন্য অনেকাংশে দায়ী? ৫

১০। টীকা লিখুন (যে-কোনো চারটি) :

৫×৪ = ২০

- (ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল
(খ) বাংলাদেশ জাতীয় জাদুঘর
(গ) শহীদ বুদ্ধিজীবী দিবস
(ঘ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
(ঙ) ১৭ এপ্রিল ১৯৭১
(চ) বাংলাদেশে খাদ্য নিরাপত্তা
(ছ) আমাদের সামুদ্রিক সম্পদ